

## প্রবাসী শিশুদের জন্য বৃত্তি কর্মসূচি

১) ভারতীয় বংশোদ্ভূত (পিআইওএস) এবং অনাবাসী ভারতীয় (এনআরআইএস) সক্ষম শিশুদের জন্য ভারতীয় বিশ্ববিদ্যালয় /প্রতিষ্ঠানে বিভিন্ন বিষয়ে (চিকিৎসা ও সংশ্লিষ্ট কোর্স ছাড়া) পেশাদার এবং অ-পেশাদার বিভিন্ন ক্ষেত্রে প্রকৌশল/ প্রযুক্তি, মানবিক/ লিবারেল আর্টস, বাণিজ্য, ম্যানেজমেন্ট, সাংবাদিকতা, হোটেল ম্যানেজমেন্ট, কৃষি/ পশুপালন ইত্যাদি ক্ষেত্রে বৃত্তি কর্মসূচি।

২) শিক্ষাদান ফি, ভর্তি পরীক্ষার ফি এবং ছাত্রাবাস মূল্য বৃত্তির পরিমাণ হিসাবে দেওয়া হবে, কিন্তু, খাওয়া-দাওয়ার কোনও মূল্য দেওয়া হবে না। এনআইটিএস এবং অন্যান্য প্রতিষ্ঠানে সরাসরি বিদেশের ছাত্র ভর্তি (ডাসা) প্রকল্পের ভিত্তিতে প্রথম বছরে আর্থিক সহায়তা প্রতিষ্ঠানে খরচের ৭৫ শতাংশ পর্যন্ত সর্বাধিক চার হাজার মার্কিন ডলার বৃত্তি দেওয়া হবে।

৩) ২০১৫-১৬ সালে এসপিডিসি পর্যালোচনা করা হয়েছে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে পুনর্গঠিত এসপিডিসি-র প্রধান বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ—

- এই প্রকল্প ৪০ থেকে ৬০ টি দেশে বাড়ানো হয়েছে, যার মধ্যে ১৭টি ইসিআর দেশও আছে।
- বৃত্তির সংখ্যা ১০০ থেকে বাড়িয়ে ১৫০ করা হয়েছে, যার মধ্যে ৫০ টি নির্দিষ্ট করা হয়েছে ইসিআর দেশে কর্মরত ভারতীয় শ্রমিক সন্তানদের জন্য। ওই ৫০ টি আসনের মধ্যে এক তৃতীয়াংশ নির্দিষ্ট করা আছে ইসিআর দেশে কর্মরত ভারতীয় শ্রমিক সন্তানদের জন্য যারা ভারতে অধ্যয়নরত।
- আয়ের শংসাপত্র শিক্ষার্থীদের সব শ্রেণির জন্য প্রযোজ্য হবে।
- অনুগমন কোর্সের জন্য বৃত্তি দেওয়া হবে।
- ভারতের কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় স্নাতক কোর্সের প্রস্তাব দিয়েছে।
- প্রতিষ্ঠান ন্যাক দ্বারা 'এ' গ্রেড স্বীকৃত।

- ডিএসএ (ডাসা) স্বীকৃত প্রতিষ্ঠান : ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি (এনআইটিএস), স্কুল অফ প্ল্যানিং অ্যান্ড আর্কিটেকচার (এসপিএএস), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি (আইআইআইটিএস)।
- ইনফরমেশন টেকনোলজি, বিএসসি (নার্সিং) এবং বি-ফার্মা কোর্সও বৃত্তি পাওয়ার যোগ্য।
- ই-গভর্নেন্স প্রক্রিয়ায় একটি পোর্টাল SPDCINDIA.GOV.IN এর মাধ্যমে অনলাইনে আবেদন ও প্রক্রিয়াকরণ করা সম্ভব।
- ২৩ আগস্ট ২০১৬ থেকে ২৩ সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- বৃত্তিপ্রাপকদের তালিকা ২০১৬ সালের অক্টোবর-নভেম্বর মাসে ঘোষণা করা হবে।

নয়াদিল্লি

আগস্ট ২৪, ২০১৬